সারাদেশ

# বিজয়নগরে ২৫০ বোতল স্কফ সিরাপসহ ১ যুবক গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ০৫ সেপ্টেম্বর ২০২৬, ০১:০৩ PM




ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে ২৫০,বোতল অবৈধ স্কফ সিরাপসহ মো. আরমান (২২) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার (৪ সেপ্টেম্বর) দুপুর পৌনে ৩টার দিকে বিজয়নগর থানার উপপরিদর্শক (এসআই) ইকবাল মনিরের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল এ মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন।

পুলিশ সূত্রে জানা যায়, বিজয়নগর উপজেলার বিষ্ণুপুর ইউনিয়নের বিষ্ণুপুর রানওয়ে বাজার (কানকুড়া) এলাকার আফজাল ডাক্তারের দোকানের সামনের পাকা সড়কে এ অভিযান পরিচালনা করা হয় হয়। গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত এই অভিযানে আরমানকে-২৫০ বোতল স্কফ সিরাপসহ হাতেনাতে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত মো. আরমান বিজয়নগর উপজেলার কালাছড়া গ্রামের মাসুম মিয়ার ছেলে। বিজয়নগর থানার অফিসার ইনচার্জ (ওসি) জানান, উপস্থিত সাক্ষীদের উপস্থিতিতে বিধি অনুযায়ী জব্দকৃত ২৫০ বোতল স্কফ সিরাপ তালিকাভুক্ত করা হয়েছে।

গ্রেপ্তারকৃত আসামির বিরুদ্ধে পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন। মাদকের বিরুদ্ধে পুলিশের এই জিরো টলারেন্স অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**
ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/bijyngre-250-botl-skf-sirapsh-1-jubk-greptar